

স্মারক নং- ১৪.৩৬.০০০০.০০৭.১১.০০১.২১-১৫

তারিখ: ০৩.০৪.২০২২ খ্রি: /২০ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ

টেশিস এর চুক্তিভিত্তিক আইন উপদেষ্টা নিয়োগ বিজ্ঞপ্তি (পুন: বিজ্ঞপ্তি)

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ-এর আওতাধীন টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস)-এ একজন চুক্তিভিত্তিক আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আইন পেশায় নিয়োজিত পেশাজীবীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ছবিসহ শিক্ষাগত ও সকল অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্তিপূর্বক আবেদনপত্র ব্যবস্থাপনা পরিচালক, টেলিফোন শিল্প সংস্থা লিঃ, টাঙ্গী, গাজীপুর-১৭১০ বরাবরে রেজিস্টার্ড ডাকযোগে আগামী ২৮ এপ্রিল ২০২২খ্রিঃ তারিখের মধ্যে পৌছাতে হবে। উক্ত সময়ের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি উপস্থিত হয়েও আবেদন করা যাবে। ইতোপূর্বে এ লক্ষ্যে আহ্বানকৃত বিজ্ঞপ্তি অনুসারে যারা আবেদন করেছেন তাঁরা পুনরায় যথানিয়মে আবেদন করতে পারবেন।

যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

০১। শিক্ষাগত যোগ্যতাঃ প্রার্থীকে আইন বিষয়ে ন্যূনতম স্নাতক হতে হবে। আইনবিষয়ে উচ্চতর ডিগ্রীধারী আবেদনকারী অগ্রাধিকার পাবেন।

০২ বয়সঃ ০১/০৪/২০২২খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ৩৫ বছর ও সর্বোচ্চ ৬৫ বছরের মধ্যে হতে হবে।

০৩। অভিজ্ঞতাঃ

(ক) প্রার্থীকে অবশ্যই মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের তালিকাভুক্ত আইনজীবী হতে হবে। আপীল বিভাগে তালিকাভুক্ত আবেদনকারী অগ্রাধিকার পাবেন।

(খ) বাংলাদেশের বিভিন্ন এখতিয়ার সম্পন্ন কোর্টে আইনজীবী হিসেবে ন্যূনতম ১২ (বার) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে, তন্মধ্যে মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) প্রার্থীকে দেওয়ানী আইন, ফৌজদারী আইন, শ্রম আইন, কোম্পানী আইন, চুক্তি আইন, ভূমি আইন, প্রশাসনিক আইন, সম্পত্তি হস্তান্তর আইন, সালিশি আইন, সরকারী পাওনা আদায়, চাকুরী সংক্রান্ত বিধি-বিধান, টেলিযোগাযোগ সংক্রান্ত বিভিন্ন নীতিমালা এবং রিট পরিচালনার বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

(ঘ) প্রার্থীর টেলিকম সেক্টরের কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা হিসেবে কাজ করার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।

(ঙ) সরকারি/ স্বায়ত্বশাসিত/ সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠানের আইন উপদেষ্টা হিসেবে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।

০৪। প্রার্থীকে অবশ্যই শারীরিক ও মানসিকভাবে সুস্থ এবং বাংলাদেশের নাগরিক হতে হবে।


০৫। সম্মানীঃ প্রার্থী কোম্পানির আইন উপদেষ্টা হিসেবে নিয়োগের জন্য বিবেচিত হলে চুক্তি সম্পন্ন করার পর টেশিস নির্ধারিত হারে/ আলোচনা সাপেক্ষে (প্রয়োজ্য আয়কর কর্তনের পর) রিটেনার ফি ও পরামর্শক ফি প্রাপ্য হবেন। প্রযোজ্য ভ্যাট টেশিস পরিশোধ করবে।

০৬। চুক্তির মেয়াদঃ ০২ (দুই) বছর। প্রয়োজনে উভয় পক্ষের আলোচনা ও সম্মতিক্রমে নবায়নযোগ্য।

০৭। আগ্রহী প্রার্থীদের নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হবে। সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হবে। সাক্ষাৎকারান্তর কোম্পানির আইন উপদেষ্টা হিসেবে নির্বাচিত ব্যক্তির যোগ্যতাভিত্তিক মেধা তালিকা প্রস্তুতকরতঃ মেধা তালিকার ১ম স্থানের ব্যক্তির সাথে চুক্তি সম্ভব না হলে ক্রমান্বয়ে পরের অবস্থানের ব্যক্তিকে চুক্তি স্বাক্ষরের জন্য আমন্ত্রণ জানানো হবে। উল্লেখ্য যে, সাক্ষাৎকারে অবতীর্ণ হওয়ার জন্য কোন ভাতা প্রদান করা হবে না।

০৮। টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত অথবা সকল দরখাস্ত গ্রহণ/ বাতিল করার অধিকার সংরক্ষণ করে। অসম্পূর্ণ/ প্রত্যাশিত প্রমাণক সংযুক্ত করা হয়নি এরূপ আবেদন বাতিল মর্মে বিবেচিত হবে। টেশিস কর্তৃপক্ষ আবেদনকারীগণের নিকট ব্যাখ্যা/প্রমাণক ও নতুন তথ্য প্রদানের জন্য অনুরোধ করার ক্ষমতা সংরক্ষণ করে। আইন পরামর্শক নিয়োগের বিষয়ে কোম্পানির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বিঃদ্রঃ নিয়োগ বিজ্ঞপ্তিটি টেশিসের ওয়েবসাইট www.tss.com.bd এবং www.tss.gov.bd তে পাওয়া যাবে।


(সাজিদ মাহমুদ)

মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)
টেশিস, টাঙ্গী, গাজীপুর